নববর্ষ উদযাপন উপলক্ষে কুষ্টিয়ায় প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ায় নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিশিষ্টজনের অংশগ্রহনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মৃনাল কান্তি দে, অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মোছাঃ নাসরিন বানু, অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক শারমিন আখতার, অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব সিরাজুল ইসলাম, কুষ্টিয়া প্রেসক্লাব কেপিসি ও সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব। এছাড়া প্যানেল মেয়র, জেলা সমাজ সেবা কর্মকর্তা সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার গুরুত্বপূর্ণ বক্তব্য বলেন, পহেলা বৈশাখ বাঙালি জাতির জন্য ঐতিহ্য। মাহে রমজানের গুরুত্ব ও পবিত্রতা রক্ষা করতে হবে এবং আমাদের বাঙালি ঐতিহ্যবাহী দিনটি পালন করতে হবে। সকাল সাড়ে আট টায় শোভাযাত্রা। স্কুলের শিক্ষার্থীদের জন্য কুইজ প্রতিযোগিতা সহ আরও অনেক ইভেন্ট শেষে পুরস্কার প্রদান করা হবে।

কুষ্টিয়ায় নকল লেবেল যুক্ত বিপুল পরিমাণ লুঙ্গিসহ আটক ১

কুষ্টিয়ার কুমারখালী কাপড়ের হাট থেকে বিভিন্ন কোম্পানির বিপুল পরিমাণ নকল লেবেলসহ একজনকে আটক করেছে সিআইডি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে ঐতিহ্যবাহী কুমারখালী কাপড়ের হাটের একটি দোকানে অভিযান চালায় সিআইডি।

সেখানে শাহ্ আমানত লুঙ্গীর নকল লেবেল বিক্রির সময় ব্যবসায়ী আরজুকে আটক করে সিআইডি পুলিশ। অভিযানে শাহ্ আমানত লুঙ্গিসহ বিভিন্ন কোম্পানির অন্তত ২০ হাজার নকল লেবেল পাওয়া যায় তার কাছে। এসব লেবেল সাধারণ কাপড়ের গায়ে লাগিয়ে ভোক্তাদের সঙ্গে দীর্ঘদিন ধরে প্রতারণা করে আসছে একটি চক্র।

অভিযান পরিচালনাকারী সিআইডি’র ইন্সপেক্টর হারুন অর রশীদ জানান, দীর্ঘদিন ধরে একটি চক্র নকল লেবেল লাগিয়ে ক্রেতাদের সাথে প্রতারণা করে আসছিল। এমন সংবাদের ভিত্তিতে তাঁরা এ অভিযান চালায়।

সিআইডি আরো জানায়, এই চক্রের সঙ্গে শুধু গ্রেপ্তারকৃত আরজু নয়; আরো অনেকেই জড়িত। এর সঙ্গে যে বা যারা জড়িত রয়েছে তাদেরকেও চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলে সিআইডির পক্ষ থেকে জানানো হয়েছে।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে র্যাব।

র্যাব জানান, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি দল গত বুধবার রাত ৯টার সময় কুষ্টিয়া শহরের গোশালা রোডে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৮ হাজার টাকা।

এ সময় কুষ্টিয়া শহরের পশ্চিম মজমপুর এলাকার বাসিন্দা মো. আব্দুস সাত্তার মালিথার ছেলে মো. আসাদুজ্জামান (৩৮) কে গ্রেফতার করা হয়।

পরে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ার ভেড়ামারায় অটোরিকশার ধাক্কায় শিশু মৃত্যু

কুষ্টিয়ার ভেড়ামারায় অটোরিকশার ধাক্কায় শেফালী (৫) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় ভেড়ামারা উপজেলার চাঁদগ্রাম ইউনিয়নের চন্ডিপুর পশ্চিম পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত শেফালী চন্ডিপুর পশ্চিম পাড়ার আরশেদ আলীর মেয়ে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, চন্ডিপুর পশ্চিম পাড়ায় বাড়ির সামনের রাস্তায় মায়ের সাথে মেয়ে শেফালী দাঁড়িয়েছিল।

হঠাৎ সে মায়ের হাত থেকে ছুট দিয়ে দিয়ে রাস্তা পার হতে যায়। এমন সময় বিপরীত দিক থেকে আসা একটি অটোরিকশা তাকে স্বজোরে ধাক্কা দেয়। এসময় সড়কের উপর ছিটকে পড়ে শিশুটি। এতে সে গুরুত্বর আহত হয়।

পরে স্থানীয়রা উদ্ধার করে ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
স্থানীয় ইউপি সদস্য মো. শান্তি বলেন, মায়ের হাত ধরে শেফালী দাঁড়িয়েছিল।

এক পর্যায়ে সে মায়ের হাত ছেড়ে ছুটে রাস্তার ওপর চলে যায়। সেসময় রাস্তা দিয়ে আসা অটোরিকশার ধাক্কা লেগে ছিটকে পড়ে শেফালী। শেফালীর মৃত্যুতে পরিবারসহ গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

বিষয়টি নিশ্চিত করে ভেড়ামারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবুর রহমান বলেন, পরিবারের পক্ষ থেকে কোনও অভিযোগ না থাকায় মরদেহ তাদের কাছে হস্তান্তর করা হয়েছে।

দৌলতপুরে কৃষকের মাঝে কম্বাইন্ড হার্ভেস্টার মেশিন বিতরণ

কুষ্টিয়ার দৌলতপুরে কৃষকদের মাঝে কৃষি-যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ কৃষি অফিস চত্বরে উপস্থিত কৃষকের মাঝে কৃষিযন্ত্র কম্বাইন্ড হার্ভেস্টার মেশিন বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দৌলতপুর উপজেলা চেয়ারম্যান এ্যাড. এজাজ আহমেদ মামুন, ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ ও দৌলতপুর কৃষি কর্মকর্তা মো. নুরুল ইসলাম।

পরে দৌলতপুর উপজেলার হোগলবাড়িয়া ইউনিয়নের চরদিয়াড় গ্রামের কৃষক নাসির বিশ্বাসের হাতে কৃষিযন্ত্র কম্বাইন্ড হার্ভেস্টার মেশিনের চাবি তুলে দেন কৃষিযন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি দৌলতপুর উপজেলা চেয়ারম্যান এ্যাড, এজাজ আহমেদ মামুন সহ অন্যান্য অতিথিবৃন্দ।

দৌলতপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষিযন্ত্রপাতি বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে।

দৌলতপুরে কালাজ্বর নির্মূলে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

কুষ্টিয়ার দৌলতপুরে কালাজ্বর নির্মূল কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টায় দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনয়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

দৌলতপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. তৌহিদুল হাসান তুহিনের সভাপতিত্বে কালাজ্বর নির্মূল কার্যক্রম জোরদার করণ অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন, দৌলতপুর উপজেলা চেয়ারম্যান এ্যাড. এজাজ আহমেদ মামুন।

জাতীয় কালাজ্বল নির্মূল কর্মসূচী (সিডিসি) স্বাস্থ্য অধিদপ্তর এ অবহিকতরণ সভার আয়োজন করে। কালাজ্বর নির্মূল কার্যক্রম জোরদার করণে কালাজ্বর সংক্রান্ত সার্বিক বিষয়ে পাওয়ার পয়েন্টে তথ্য উপাত্ত উপস্থাপন করেন, জাতীয় কালাজ্বল নির্মূল কর্মসূচীর আঞ্চলিক সমন্বয়ক ডা. মো. মিজানুর রহমান, সার্ভিলেন্স মেডিকেল অফিসার ডা. শরীফ মো. কাফি ও কীটতত্ববিদ মো. আলতাফ হোসেন।

অবহিতকরণ সভায় দৌলতপুর উপজেলা ভাইস চেয়ারম্যান সাক্কীর আহমেদ, ফিলিপনগর ইউপি চেয়ারম্যান নঈমুদ্দিন সেন্টু ও দৌলতপুর থানার উপ-পরিদর্শক সুফল, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, চিকিৎসকগণ, স্থানীয় জনপ্রতিনিধি, গণমাধ্যম কর্মী, শিক্ষক ও সুধীজনরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বিশ্ব স্বাস্থ্য দিবস উদযাপন

বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে কুষ্টিয়ায় র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ‘সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত স্বাস্থ্য’ প্রতিপাদ্যে বৃহস্পতিবার সকাল ১০ টায় কুষ্টিয়া পৌরসভা চত্বর থেকে একটি র্যালী শহরের বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে সিভিল সার্জন অফিসে গিয়ে শেষ হয়।

পরে সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়ার জেলা প্রশাসক সাইদুল ইসলাম।

এসময় তিনি বলেন, স্বাস্থ্যকে সুরক্ষিত রাখতে আগে পরিবেশকে সুস্থ্য রাখতে হবে। পরিবেশকে সুরক্ষিত রাখতে পারলে স্বাস্থ্য ভালো থাকবে, স্বাস্থ্য ভালো না থাকলে প্রাচুর্য করে কোনো লাভ নেই। তিনি আরো বলেন, জেলাকে সুরক্ষিত রাখতে পারলে স্বাস্থ্য সুরক্ষা হবে, দেশ সুরক্ষা হবে। দেশ সুরক্ষা হলে বিশ্ব সুরক্ষা হবে।

সিভিল সার্জন ডাঃ এইচএ আনোয়ারুর ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কুষ্টিয়ার পুলিশ সুপার মো: খাইরুল আলম।

এসময় আরো বক্তব্য রাখেন বিএমএ কুষ্টিয়ার সভাপতি ডাঃ এসএম মোস্তানজিদ, সাবেক মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার রফিকুল আলম টুকু, কুষ্টিয়া সদর উপজেলা স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা ডাঃ সোনিয়াকাওকাবী প্রমুখ।

পেঁয়াজে বাম্পার ফলন হলেও হতাশ কুষ্টিয়ার চাষীরা

পেঁয়াজ চাষে বাম্পার ফলন হলেও সঠিক দাম না পেয়ে কুষ্টিয়া জেলায় চাষীরা হতাশায় ভুগচ্ছেন। তবে আবহাওয়া অনুকুলে থাকায় ২০২১-২২ অর্থবছরে পেঁয়াজ চাষে কৃষি বিভাগের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

চলতি মৌসুমে পেঁয়াজ রোপণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২হাজার ৯১০ হেক্টর জমি। সেখানে আবাদ হয়েছে ১২ হাজার ৪১৯ হেক্টর । চাষীরা মাঠ থেকে পেঁয়াজ তুলা এবং পেঁয়াজ পরিষ্কার করে ঘরে তোলার জন্য ব্যস্ত সময় পার করছে ।

কাকডাকা ভোর থেকে উঠে দিনব্যাপী পেঁয়াজ ক্ষেত থেকে পেঁয়াজ তোলা, বাড়িতে নিয়ে এসে পরিষ্কার কাজে ব্যস্ত সময় পার করলেও পেঁয়াজের দাম না পাওয়ায় হতাশার মধ্য দিয়ে দিন কাটাচ্ছে।

গত বছরের চেয়ে কম দামে পেঁয়াজের বীজ ক্রয়, চারার মূল্য কম, আবহাওয়া অনুকুলে থাকায় চাষীরা এবার ব্যাপকহারে পেঁয়াজ রোপণ করছে

বলে কৃষকেরা জানান।

তবে চলতি মৌসুমে শ্রমিকদের মজুরী বৃদ্ধি, তেলের মূল্য বেশী হওয়ায় সেচের মূল্য বৃদ্ধি এবং পেঁয়াজের মাটি প্রস্তুতে খরচ বেশী সে তুলনায় পেঁয়াজের দাম কম হওয়ায় চাষীরা হতাশার মধ্যে আছে।

পেঁয়াজ চাষীরা জানান, যে পরিমাণ খরচ হচ্ছে তাতে করে পেঁয়াজের মূল্য বাজারে কম হাওয়ায় তারা লাভের চেয়ে ক্ষতির সম্মুখীন হচ্ছে বেশী বলে ক্ষোভ প্রকাশ করছে চাষীরা। তাই তাদের দাবী ভারত থেকে পেঁয়াজ আমদানী বন্ধ করার। তা না হলে লোকসান আরো বেরে যাবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়া সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে কুষ্টিয়া জেলায় তাহেরপুরী, বারী পেঁয়াজ-১, কিংসুপার ও মেটাল এই চার জাতের পেঁয়াজ কৃষকেরা রোপন করছে।

চলতি মৌসুমে পেঁয়াজ রোপনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১২ হাজার ৯১০ হেক্টর জমি, সেখানে অর্জিত হয়েছে ১২ হাজার ৪১৯ হেক্টর জমি। এর মধ্যে পেঁয়াজ মুলকাটা ৩ হাজার ২৯৯ হেক্টর ও চারা রোপন পেঁয়াজ ৯ হাজার১২০ হেক্টর।

কুষ্টিয়া সদর উপজেলায় ১ হাজার ৫৪০ হেক্টর, খোকসা উপজেলায় ৩ হাজার ২৭৭ হেক্টর, কুমারখালী উপজেলায় ৪ হাজার ২৫৫ হেক্টর, মিরপুর উপজেলায় ৩৭০ হেক্টর, ভেড়ামারা উপজেলায় ২৩৫ হেক্টর ও দৌলতপুর উপজেলায় ২ হাজার ৭৪২ হেক্টর।

তবে কৃষকরা জানায় কৃষি অফিসের দেয়া তথ্যের চেয়ে মাঠ পয্যায় কৃষকের পেঁয়াজ বেশী রোপন হয়েছে। উপজেলার বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন মাঠ ঘুরে দেখা গেছে, চাষিরা দলবদ্ধভাবে শ্রমিক নিয়ে পেঁয়াজ তোলা কাজ করছেন।

কৃষকদের সঙ্গে কথা বলে জানা গেছে, পেঁয়াজের বীজ গেল বছর খোলা ৬ থেকে ১০ হাজার টাকায় বিক্রি হলেও এ বছর তা কমে বিক্রি হয়েছে ৩ থেকে ৪ হাজার টাকায়।

পেঁয়াজের চারা গত বছর ১৫০ থেকে ১৮০ টাকায় কেজি বিক্রি হলেও এবার বিক্রি হচ্ছে ১৫ থেকে ২০ টাকা কেজি। বীজ, চারা, সার, পরিচর্যাসহ এবার বিঘাপ্রতি পেঁয়াজ উৎপাদনে চাষিদের খরচ হবে ২৮ থেকে ৩২ হাজার টাকা।

এ বছর বিদেশি কিংসুপার জাতীয় চারা রোপণ করা হয়েছে। এতে বিঘায় ৪৫

থেকে ৬০ মণ পেঁয়াজ উৎপন্ন হবে। যার বাজার মূল্য হবে ৪০ থেকে প্রায় ৮০ হাজার টাকা।

এ বিষয়ে কুষ্টিয়া জিয়ারখী ইউনিয়নের বালিয়াপাড়া গ্রামের চাষি মোহর আলী বলেন আমি ৩ বিঘা জমিতে পেঁয়াজ রোপণ করেছি। ফলনও ভালো হয়েছে। তবে খরচের চেয়ে পেঁয়াজ বিক্রি করে তেমন লাভ হচ্ছেনা।

কিন্তু এ বছর পেঁয়াজের যে দাম আগে জানলে পেঁয়াজ রোপন করতাম না। বর্তমান বাজারে পেঁয়াজ ৬’শ থেকে ৮’শ টাকা দরে বিক্রি হচ্ছে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুষ্টিয়া জানায়, পেঁয়াজ চাষিদের অর্থকারী ফসলের মধ্যে অন্যতম। এ অঞ্চলের মাটি পেঁয়াজ চাষে উপযোগী। এ জন্য আমরা সবসময় কৃষকদেরকে পেঁয়াজ চাষে পরামর্শ দিয়ে আসছি।

মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় বাংলাদেশের ক্রীড়াঙ্গন এগিয়ে চলেছে

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেছেন, মাননীয় প্রধানমন্ত্রীর সার্বিক সহযোগিতা ও সুনিপুন দিকনির্দেশনায় অপ্রতিরোধ্য গতিতে বাংলাদেশের ক্রীড়াঙ্গন এগিয়ে চলেছে।

বুধবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সভাকক্ষে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, মাদক থেকে দূরে রাখতে যুবসমাজকে খেলাধুলায় মনোনিবেশ করতে হবে। মাদকমুক্ত সমাজ গড়তে হলে ক্রীড়াঙ্গনকে বড় ভূমিকা রাখতে হবে৷

সমাজে এখন মাদকের প্রভাব ব্যাপক উল্লেখ করে জেলা প্রশাসক আরও বলেন, একজন ক্রীড়াবিদ ও সংগঠক মাদক থেকে দুরে থাকেন। কোনো

ক্রীড়াবিদ মাদক গ্রহণ করতে পারে না। ক্রীড়াবান্ধব মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্বে মাদকমুক্ত সমাজ উপহার দিয়ে আমরা জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলবো।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে যথাযথ মর্যাদায় কুষ্টিয়ায় জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়া দিবস ২০২২ উদযাপিত হয়। এ বছরের দিবসটির প্রতিপাদ্য ‘সবাই মিলে খেলা করি, মাদকমুক্ত সমাজ গড়ি’।

আলোচনা সভায় কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃনাল কান্তি দে, কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট অনুপ কুমার নন্দীসহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা প্রশাসনের অভিযান, জরিমানা আদায়

বেশি দামে পণ্য বিক্রি ও পণ্যের মূল্যতালিকা না থাকায় কুষ্টিয়ার বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সাড়ে ১২ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসনের মনিটরিং টিম।

বুধবার সকাল থেকে বিকেল পর্যন্ত এ অভিযানে নেতৃত্ব দেন নির্বাহী কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোছা: নাসরিন বানু।

এসময় তিনি জানান, বেশি দামে পণ্য বিক্রি ও পণ্যের মূল্যতালিকা না থাকায় মুদী দোকান, বেশি দামে তরমুজ বিক্রি করার অপরাধে দুইটি তরমুজের আড়ত ও বেশি দামে ফল বিক্রির অপরাধে একটি ফলের দোকান ও একটি হোটেলে মোট সাড়ে বারো হাজার টাকা জরিমানা করা হয়েছে।

পাশাপাশি মনিটরিংয়ের সময় বাজারে নিত্যপণ্যের সরবরাহ, মজুদ এবং মূল্য যৌক্তিক পর্যায়ে রাখতে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান তিনি।

এসময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর কুষ্টিয়া সহকারী

পরিচালক সুচন্দন মন্ডল, কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট সিফাতুন নাহার, কৃষি বিপণন অধিদপ্তর কুষ্টিয়ার বাজার পরদির্শক জিয়া হায়দার নিরাপদ খাদ্য অফিসার সজীর পাল, জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতান রেবেকা নাসরীনসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, বুধবার শহরের পৌর বাজার, বড় বাজার, এনএস রোড,মজমপুর এলাকার বাজার মনিটরিং করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

মনিটরিংকালে পণ্যের মূল্যতালিকা প্রদর্শন না করায় ও বেশি দামে পণ্য বিক্রি করায় বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে বিভিন্ন অংকের অর্থদণ্ড দেওয়া হয়।